

সিদ্ধান্ত : এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে আড়ৎ এর জন্য প্রয়োজনীয় জায়গার জন্য জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে: পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।

৩ নং বিবিধ আলোচনা (খ) : অবৈধ নির্মাণ প্রসঙ্গে : গোপালগঞ্জ পৌরসভার ৫ নং ওয়ার্ড কাউন্সিলর খায়রুল ইসলাম সভায় জানান, ৫ নং ওয়ার্ডের কতিপয় কিছু হোল্ডিং মালিক প্লান বর্হিভূতভাবে অবৈধভাবে নির্মাণ কাজ করছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার মতামত প্রদান করেন। এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা আবশ্যিক।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উক্ত বিষয়ে সরোজমিনে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে: শহর পরিকল্পনাবিদ, গোপালগঞ্জ পৌরসভা।

৩ নং বিবিধ আলোচনা (গ) : পৌর করের চাহিদা পূর্নবিবেচনা করণ প্রসঙ্গে : গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব সভায় জানান, গোপালগঞ্জ অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) ও সাধারণ সম্পাদক জেলা ক্রীড়া সংস্থা ধার্যকৃত পৌরকর পরিশোধের বিষয়ে পুন বিবেচনা করে দাবিকৃত অর্থ কমিয়ে ন্যূনতম পর্যায়ে পুন নির্ধারনের জন্য অত্র প্রেরণ করেছেন। তিনি আরো জানিয়েছেন যে, সাধারণ সদস্যদের চাঁদা ও দোকান ভাড়ার আয় ছাড়া এ সংস্থার উল্লেখযোগ্য কোন আয় নাই। কাউন্সিলর দের একত্রনের জবাবে তিনি জানিয়েছেন ১৯৯৫-১৯৯৬ অর্থ বছর হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত পৌর কর বাবদ ১২,০০৮৯০/-টাকা পৌর কর পাওনা রয়েছে। এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা আবশ্যিক।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উক্ত জেলা ক্রীড়া সংস্থার নিকট পাওনা কৃত করের উপর ১৫% সারচার্জ মওকুফ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে: পৌর নির্বাহী কর্মকর্তা/কর আদায়কারী, গোপালগঞ্জ পৌরসভা।

৩ নং বিবিধ আলোচনা (ঘ) : উন্নয়ন মূলক কাজের লে-আউট প্রদান প্রসঙ্গে : ১২ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব আল আমিন উন্নয়ন মূলক কাজের লে-আউট প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরকে অবহিত করার প্রস্তাব করেন। এবং সকল উন্নয়ন মূলক কাজের কার্যাদেশ এর কপি সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরকে প্রদান করার কথা বলেন। সকল কাউন্সিলর এতে একমত পোষণ করেন। এ ব্যাপারে বিশদ আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উন্নয়ন মূলক কাজের কার্যাদেশের কপি সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরকে প্রদান করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

৩ নং বিবিধ আলোচনা(ঙ): (পরিচ্ছন্ন কর্মীদের বেতন বৃদ্ধি প্রসঙ্গে) : গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান, গোপালগঞ্জ পৌরসভার পরিষ্কার পরিচ্ছন্নতা শাখায় কর্মরত পরিচ্ছন্ন কর্মীগণ তাদের বেতন বৃদ্ধির জন্য আবেদন করেছেন। বর্তমানে এই দুর্মূল্যের বাজারে যে বেতন পায় তা দিয়ে সংসার চালাতে খুবই কষ্ট কর হয়ে পড়েছে। কাউন্সিলরদের এক প্রশ্নের জবাবে তিনি জানান বর্তমানে পরিচ্ছন্ন কর্মীর সংখ্যা সর্ব মোট ১১১ জন। তাদেরকে দৈনিক ভাতা হিসেবে বেতন প্রদান করা হয়। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে মানবিক দিক বিবেচনা করে পরিচ্ছন্ন কর্মীদের এর বেতন নিম্নরূপে ভাবে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত বর্ধিত বেতন আগামী জুলাই ২০২৩ মাস হতে কার্যকর করা হবে।

চুক্তিভিত্তিক পরিচ্ছন্নকর্মীর বেতন ভাতার বিবরণ:

ক্রমিকনং	নাম	পদবী	বর্তমান বেতন	বর্ধিত বেতন	মোট বেতন
১	রানা দাস	ড্রাইভার	১২,০০০/-	৩,০০০/-	১৫,০০০/-
২	মিজান মোল্লা	ড্রাইভার	১২,০০০/-	৩,০০০/-	১৫,০০০/-
৩	লক্ষীরানী	আফিসক্লিনার	৪,০০০/-	১,০০০/-	৫,০০০/-
৪	গৌরী	আফিসক্লিনার	৪,০০০/-	১,০০০/-	৫,০০০/-
৫	সুচিত্রাসিকদার	আফিসক্লিনার	৪,০০০/-	১,০০০/-	৫,০০০/-

চলমান পাতা-০৩

